# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো মারফূ‘ নয়

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ أَوَّلَ هَذَا الْخَبَرِ غَيْرُ مَرْفُوعٍ

আরবী

2377 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْحُسَيْنِ حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخٍ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ حَدَّثَنَا حُمَيْدُ بْنُ هِلَالٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ قَالَ: يَقْطَعُ صَلَاةَ الرَّجُلِ ـ إِذَا لَمْ يَكُنْ بَيْنَ يَدَيْهِ مِثْلُ آخِرَةِ الرَّحْلِ ـ: الْمَرْأَةُ وَالْحِمَارُ وَالْكَلْبُ الْأَسْوَدُ قَالَ: قُلْتُ: يَا أَبَا ذَرٍّ مَا بَالُ الْأَسْوَدِ مِنَ الْأَبْيَضِ مِنَ الْأَحْمَرِ؟ قَالَ: يَا ابْنَ أَخِي سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا سَأَلْتَنِي فَقَالَ: (الْكَلْبُ الْأَسْوَدُ شيطان)
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2377 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (699): م.

বাংলা

২৩৭৭. আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন তার সামনে হাওদার পিছনের কাষ্ঠ বরাবর কোন কিছু (সুতরা হিসেবে) না থাকবে, তখন নারী, গাধা ও কালো কুকুর সালাতকে বিনষ্ট করে দিবে।”

রাবী বলেন, “আমি বললাম, হে আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু, সাদা, লাল রং বাদ দিয়ে কালোর কী হলো?” জবাবে তিনি বলেন, “ভাতিজা, তুমি আমাকে যেমন প্রশ্ন করেছো, আমি তদ্রুপ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেছিলাম, জবাবে তিনি বলেছিলেন, “কালো কুকুর হলো শয়তান।”[1]

ফুটনোট

[1] দারেমী: ১/৩২৯; তাবারানী আস সাগীর: ১১৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৩০; মুসান্নাফ আব্দুর রাযযাক:

২৩৪৮; তাবারানী আল কাবীর: ১৬৩২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৯৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91699

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন